

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

“কৃষিই সমৃদ্ধি”

নির্বাহী প্রকৌশলী (নির্মাণ)  
শিরোমনি সেচ কমপ্লেক্স, খুলনা।  
xen\_badc\_khulna@yahoo.com

## সিটিজেনস চার্টার

### ১) ভিশন ও মিশন

ভিশন : মানসম্পন্ন কৃষি উপকরণ যোগান ও দক্ষ সেচ ব্যবস্থাপনা

মিশন : উচ্চ ফলনশীল বিভিন্ন ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ বৃদ্ধি করা, সেচ প্রযুক্তি উন্নয়ন, ভূ-পরিষ্ক পানির সর্বোত্তম ব্যবহার, জলাবদ্ধতা দূরীকরণের মাধ্যমে সেচ দক্ষতা ও সেচকৃত এলাকা বৃদ্ধি এবং কৃষক পর্যায়ে মানসম্পন্ন সার সারবরাহ করা।

### ২) ক্ষুদ্রসেচ উইং এর মূল কাজ ও কার্যক্রমসমূহ:

- খাল-নালা খনন/পুনঃখননের মাধ্যমে সেচ এর জন্য ভূ-পরিষ্ক পানির সংরক্ষণ ও পানি নিষ্কাশন ;
- বিভিন্ন ধরনের হাইড্রলিক স্ট্রাকচার নির্মাণের মাধ্যমে বৃষ্টির পানি ও ভূ-পরিষ্ক পানির সংরক্ষণক্ষমতা বৃদ্ধি;
- বিভিন্ন ধারণ ক্ষমতাসম্পন্ন ডিজেল ও বিদ্যুৎচালিত লো লিফট পাম্প এবং ফোর্সমোড পাম্প স্থাপন;
- যে সকল জায়গায় ভূগর্ভস্থ পানি সেন্টিফিউগাল পাম্পের সাকশন লিমিট এর নিচে থাকে সে সকল স্থানে ফোর্সমোড পাম্প স্থাপন করা হয়;
- পানির অপচয় কমানোর জন্য সারফেস ও সাব সারফেস সেচ নালা (ভূগর্ভস্থ পাইপ লাইন) নির্মাণ;
- ছোট নদী ও খরস্রোতা খালে রাবার ড্যাম এবং হাইড্রলিক এলিভেটেড ড্যাম নির্মাণ;
- পুরাতন ডিপ টিউবওয়েলসমূহ পুনর্বাসন, মেরামত ও রক্ষণাবেক্ষণ;
- সৌরশক্তিচালিত সেচ পাম্পের সূচনা (নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার);
- সেচ চার্জ আদায় এবং পানির যথাযথ ব্যবহার এর জন্য স্মার্ট কার্ড প্রিপেইড মিটার স্থাপন;
- অটো ওয়াটার লেভেল রেকর্ডারের মাধ্যমে সেচযন্ত্রের জরিপ ও পরিবীক্ষণ, সেচকৃত এলাকা এবং ভূগর্ভস্থ পানির স্তর মনিটরিং এবং ডাটা লগার ও ডাটাবেজ ব্যবস্থার উন্নয়ন;
- জলবায়ু পরিবর্তন ও অদূর ভবিষ্যতে এর প্রভাব স্বরূপ উপকূলীয় অঞ্চলে লবণাক্ত পানির অনুপ্রবেশের ডাটা বেজ তৈরী করা।

### ৩) নাগরিক সেবা

ক্র: নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১.	সেচ স্কীম সেবা (গভীর নলকূপ, অগভীর নলকূপ, শক্তিচালিত পাম্প, সোলার পাম্প স্থাপন, সরবরাহ ও কমিশনিং)	<ul style="list-style-type: none"> <li>➤ কৃষক গ্রুপ হতে আবেদন প্রাপ্তি।</li> <li>➤ আবেদন যাচাই বাছাই ও বরাদ্দ প্রদান</li> <li>➤ সরবরাহ ও কমিশনিং</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ক) আবেদনপত্র;</li> <li>খ) স্কীম সংশ্লিষ্ট কাগজপত্র (কৃষক গ্রুপ কর্তৃক জমির পর্চা, রেজুলেশন, স্কীম ম্যাপ ইত্যাদি)</li> <li>গ) আবেদনের নির্ধারিত ফরম স্থানীয় সেচ ইউনিট অফিসে পাওয়া যাবে।</li> </ul>	ক) পার্টিসিপেশন ফি ১৫,০০০/- টাকা পে-অর্ডার/ডিডির মাধ্যমে (ডিসচার্জ অনুযায়ী পার্টিসিপেশন ফি কম বেশি হতে পারে)।	সেচ কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে ১৫ (পনের) কার্য দিবস।	সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলী এর কার্যালয়, বিএডিসি।
২.	সেচের পানির গুণাগুণ পরীক্ষা (পানির P <sup>H</sup> , তাপমাত্রা, আয়রণ, আর্সেনিক, লবণাক্ততা ইত্যাদি)	কৃষক/কৃষক গ্রুপ কর্তৃক নমুনা সরবরাহের পর বিএডিসি'র ল্যাবরেটরীর মাধ্যমে	-	নির্ধারিত ফি ১. আর্সেনিক/আয়রণ- ১০০ টাকা; ২. Ph/লবণাক্ততা -৫০ টাকা	০১-০৭ কার্য দিবস	সংশ্লিষ্ট সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) ল্যাভ জেন অফিস, বিএডিসি

*Handwritten signature*  
17.09.18

(প্রকৌশলী হাসান মমতাজ)

নির্বাহী প্রকৌশলী (নির্মাণ)

বিএডিসি, শিরোমনি সেচ কমপ্লেক্স, খুলনা।

email: xen\_badc\_khulna@yahoo.com